# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৫০১

৪/ জুমু'আ (كِتَاب الْجُمُعَةِ عَنْ رَسُولِ اللَّهِ ﷺ)

পরিচ্ছেদঃ কতটুকু দূর থেকে জুমু’আর জন্য আসা জরুরী।

باب مَا جَاءَ مِنْ كَمْ تُؤْتَى الْجُمُعَةُ

আরবী

حَدَّثَنَا عَبْدُ بْنُ حُمَيْدٍ، وَمُحَمَّدُ بْنُ مَدُّويَهْ، قَالاَ حَدَّثَنَا الْفَضْلُ بْنُ دُكَيْنٍ، حَدَّثَنَا إِسْرَائِيلُ، عَنْ ثُوَيْرٍ، عَنْ رَجُلٍ، مِنْ أَهْلِ قُبَاءَ عَنْ أَبِيهِ، وَكَانَ، مِنْ أَصْحَابِ النَّبِيِّ صلى الله عليه وسلم ـ قَالَ أَمَرَنَا النَّبِيُّ صلى الله عليه وسلم أَنْ نَشْهَدَ الْجُمُعَةَ مِنْ قُبَاءَ . وَقَدْ رُوِيَ عَنْ أَبِي هُرَيْرَةَ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم فِي هَذَا وَلاَ يَصِحُّ . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ لاَ نَعْرِفُهُ إِلاَّ مِنْ هَذَا الْوَجْهِ وَلاَ يَصِحُّ فِي هَذَا الْبَابِ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم شَيْءٌ . وَقَدْ رُوِيَ عَنْ أَبِي هُرَيْرَةَ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم أَنَّهُ قَالَ " الْجُمُعَةُ عَلَى مَنْ آوَاهُ اللَّيْلُ إِلَى أَهْلِهِ " . وَهَذَا حَدِيثٌ إِسْنَادُهُ ضَعِيفٌ إِنَّمَا يُرْوَى مِنْ حَدِيثِ مُعَارِكِ بْنِ عَبَّادٍ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ سَعِيدٍ الْمَقْبُرِيِّ . وَضَعَّفَ يَحْيَى بْنُ سَعِيدٍ الْقَطَّانُ عَبْدَ اللَّهِ بْنَ سَعِيدٍ الْمَقْبُرِيَّ فِي الْحَدِيثِ . قَالَ وَاخْتَلَفَ أَهْلُ الْعِلْمِ عَلَى مَنْ تَجِبُ الْجُمُعَةُ فَقَالَ بَعْضُهُمْ تَجِبُ الْجُمُعَةُ عَلَى مَنْ آوَاهُ اللَّيْلُ إِلَى مَنْزِلِهِ . وَقَالَ بَعْضُهُمْ لاَ تَجِبُ الْجُمُعَةُ إِلاَّ عَلَى مَنْ سَمِعَ النِّدَاءَ وَهُوَ قَوْلُ الشَّافِعِيِّ وَأَحْمَدَ وَإِسْحَاقَ .

বাংলা

৫০১. আবদ্ ইবনু হুমায়দ ও মুহাম্মদ ইবনু মায়্যাওয়ায়াহ (রহঃ) কুবাবাসী জনৈক ব্যক্তি তাঁর পিতা জনৈক সাহাবী রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণনা করেন যে, তিনি বলেনঃ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদেরকে কুবা থেকে এসেও জুমুআয় হাযির হতে নির্দেশ দিয়েছেন। - তিরমিজী হাদিস নম্বরঃ ৫০১ [আল মাদানী প্রকাশনী]

অবশ্য এই বিষয়ে আবূ হুরায়রা রাদিয়াল্লাহু আনহু নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সূত্রে হাদীস বর্ণিত আছে। তবে তা সহীহ নয়। ইমাম আবূ ঈসা তিরমিযী (রহঃ) বলেনঃ এই সূত্র ছাড়া হাদীসটি সম্পর্কে আমাদের কিছু জানা নেই। এই বিষয়ে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে সহীহ কিছু বর্ণিত নেই। আবূ হুরায়রা

রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত আছে যে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেনঃ যে ব্যক্তি (জুম্মার সালাত (নামায/নামাজ) আদায় করে) তার পরিবারে এসে রাত্রি যাপন করতে পারবে, তার জুমুআহ জরুরী। এই হাদীসটির সনদ যঈফ। এটি মু'আরিক ইবনু আব্বাদ আবদুল্লাহ ইবনু সাঈদ আল-মাকবুরী সূত্রে বর্ণিত হয়েছে। প্রখ্যাত হাদীসবিদ ইমাম ইয়াহইয়া সাঈদ আল-কাত্তান (রহঃ) হাদীস বর্ণনার ক্ষেত্রে আবদুল্লাহ ইবনু সাঈদ আল-মাকবুরী (রহঃ)-কে যঈফ বলে অভিহিত করেছেন। জুমুআর সালাত (নামায/নামাজ) কার উপর ওয়াজিব এই বিষয়ে আলিমগণের মতবিরোধ রয়েছে। কেউ কেউ বলেনঃ যে ব্যক্তি (জুম্মার সালাত (নামায/নামাজ) শেষে) তার পরিবারে এসে রাত্রি যাপন করতে পারে, তার জন্য সালাতুল জুমুআহ ওয়াজিব। আর কেউ কেউ বলেনঃ যারা আযান শুনতে পায়, কেবল তাদের উপরই জুমুআহ ওয়াজিব। এ হ'ল ইমাম শাফিঈ, আহমদ ও ইসহাক (রহঃ)-এর অভিমত।

## English

Thuwair narrated from a man among the people of Quba, from his father, who was one of the Companions of the Prophet, that :
he said: "The Prophet ordered us to attend the Friday prayer in Quba."

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=17690

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন